গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর
dss.rangpurdiv.gov.bd

## বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর-এর নৈতিকতা কমিটির ২০২২-২৩ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ আব্দুল মোতালেব সরকার
পরিচালক (উপসচিব)
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর

তারিখ : ২৬ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ রোজ সোমবার
সময় : সকাল ১১.৩০ ঘটিকা
স্থান : জুম প্লাটফর্ম

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সূচনা বক্তব্যে সভাপতি বিভাগীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আলোকে এ কার্যালয়ের **প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার পরিকল্পনা, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমসমূহের** আলোকপাত করেন। সে প্রেক্ষিতে চলতি অর্থবছরে তিন মাসের অর্জন-অগ্রগতি পর্যালোচনা বিষয়ে অদ্যকার ১ম ত্রৈমাসিক সভা আহ্বান করা হয়েছে বলে অভিমত ব্যক্ত করেন। অতঃপর উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর-কে প্রস্তুতকৃত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বিষয়ভিত্তিক আলোচনা উপস্থাপনের অনুরোধ জানান।

সভায় বিষয়ভিত্তিক আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১ | সভা আয়োজন সংক্রান্ত | বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে উপপরিচালকদের অংশগ্রহণে নিয়মিত মাসিক সমন্বয় সভা প্রতিমাসে একবার এবং অত্র কার্যালয়ের অভ্যন্তরীণ কর্মকর্তা-কর্মচারীদের মাসিক সমন্বয় সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। সভা অনুষ্ঠানের কার্যপত্র ও কার্যবিবরণী যথা নিয়মে প্রস্তুত ও সংশ্লিষ্টদের নিকট প্রেরণ অব্যাহত রয়েছে। ২০২২-২৩ অর্থবছরের বিভাগীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর আলোকে অদ্যকার বিভাগীয় নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছে। জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত নৈতিকতা কমিটির সভাসহ অন্যান্য সভাসমূহ নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে কি-না তা তদারকি করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) বিভাগীয় নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভাসহ বিভাগীয় কার্যালয়ের নির্ধারিত সভাসমূহ যথানিয়মে অনুষ্ঠান অব্যাহত রাখতে হবে।<br>খ) জেলা, উপজেলা, প্রাতিষ্ঠানিক পর্যায়ে গঠিত নৈতিকতা কমিটির সভাসহ নির্ধারিত অন্যান্য সভা যথানিয়মে অনুষ্ঠানের বিষয়ে অতিরিক্ত পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর-কে তদারকি করার দায়িত্ব প্রদান করা হয়। তিনি প্রতি ত্রৈমাসিক সভায় এ সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন পেশ করবেন। | ক) উপপরিচালক বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর<br>খ) অতিরিক্ত পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর |
| ০২ | বিভাগীয় নৈতিকতা কমিটি পুনর্গঠন | সমাজসেবা অধিদপ্তরের ২৯ জানুয়ারি ২০১৮ খ্রিঃ অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক এ কার্যালয়ের নবসৃষ্ট অতিরিক্ত পরিচালক পদে কর্মকর্তা পদায়ন হওয়ায় বিভাগীয় নৈতিকতা কমিটি পুনর্গঠন করা প্রয়োজন। এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে অতিরিক্ত পরিচালক-কে বিভাগীয় নৈতিকতা কমিটির সদস্য ও নৈতিকতা বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসাবে মনোনয়ন করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। | নিম্নরূপভাবে বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর এর নৈতিকতা কমিটি পুনর্গঠন করা হয়-<br>পরিচালক - সভাপতি<br>অতিরিক্ত পরিচালক - সদস্য-সচিব<br>উপপরিচালক - সদস্য<br>সহকারী পরিচালক - সদস্য<br>প্রশাসনিক যুঃজুঃহিঃ কর্মকর্তা - সদস্য | অতিরিক্ত পরিচালক বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর |
| ০৩ | সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনদের সভা আয়োজন | ২০২২-২৩ অর্থবছরের বিভাগীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর আলোকে বছরে দুইটি সভা আয়োজনের জন্য একটি ২২ নভেম্বর ২০২২, অপরটি ২২ মার্চ ২০২৩ নির্ধারণ করা হয়েছে। যথাসময়ে | বছরে দুইটি সভা আয়োজনের লক্ষ্যে প্রথমটি ২২ নভেম্বর ২০২২, অপরটি ২২ মার্চ ২০২৩ তারিখ যথাসময়ে আয়োজন করতে হবে। | উপপরিচালক বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর |

২৬/৯/২০২২
মোঃ মোশাররফ হোসেন
অতিরিক্ত পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।

(মোঃ আব্দুল মোতালেব সরকার)
পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।

| | | | | |
|---|---|---|---|---|
| | | অংশীজনদের সভা আয়োজন করা হবে মর্মে সভায় জানানো হয়। | | |
| ০৪ | শুদ্ধাচার প্রশিক্ষণ | ২০২২-২৩ অর্থবছরের বিভাগীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর আলোকে বছরে একটি প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা রয়েছে। সে মোতাবেক আগামী নভেম্বর ২০২২ খ্রিঃ এ সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। ২০২২-২৩ অর্থবছরে বিভাগীয় কার্যালয়ে সেমিনার/কনফারেন্স ব্যয় খাতে ৭২০০০/- টাকা বরাদ্দ রয়েছে বলে সভায় জানানো হয়। | নভেম্বর ২০২২ খ্রিঃ মধ্যে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন করতে হবে। | সহকারী পরিচালক বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর |
| ০৫ | কর্মপরিবেশ উন্নয়ন | কর্মপরিকল্পনা অনুযায়ী ১৪ অক্টোবর ২০২২ ও ১৩ ডিসেম্বর ২০২২ মোট দুইটি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। সে লক্ষ্যে এ পর্যন্ত চারটি কার্যালয়ের কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ক সভা অনুষ্ঠান সম্পন্ন হয়েছে মর্মে সভায় জানানো হয়। | লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর-কে ধন্যবাদ জানানো হয়। | উপপরিচালক বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর |
| ০৬ | বিভাগীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল ও ওয়েব সাইটে আপলোড | ২০২২-২৩ অর্থবছরের বিভাগীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়েছে এবং ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। বর্তমানে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন কাজ চলমান রয়েছে মর্মে সহকারী পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর সভায় অবহিত করেন। | ২০২২-২৩ অর্থবছরের বিভাগীয় শুদ্ধাচার কৌশল মোতাবেক যথাসময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করতে হবে। | সহকারী পরিচালক বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর |
| ০৭ | আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের ক্রয়পরিকল্পনা প্রণয়ন, যথানিয়মে ক্রয় কমিটির সভা আয়োজন ও ক্রয়কৃত মালামাল সংশ্লিষ্টদের নিকট যথানিয়মে হস্তান্তর কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে মর্মে উপপরিচালক সভায় অবহিত করেন। | যথাযথভাবে বরাদ্দ অনুকূলে মালামাল ক্রয়পূর্বক বছরভিত্তিক রেজিস্টারে লিপিবদ্ধকরণ ও সংশ্লিষ্টদের নিকট যথানিয়মে হস্তান্তর প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর |
| ০৮ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম গ্রহণ | ২০২২-২৩ অর্থবছরের বিভাগীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর ৩.১ এর আলোকে সরকারি শিশু পরিবার (বালিকা), রংপুর এর সার্বিক অবস্থার উন্নয়ন ও স্বচ্ছতা আনয়ন, ৩.২ এর আলোকে শহর সমাজসেবা কার্যালয়, কুড়িগ্রাম-এর ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ সার্বিক ব্যবস্থার উন্নয়ন ও স্বচ্ছতা আনয়ন এবং ৩.৩ এর আলোকে হাসপাতাল সমাজসেবা কার্যালয়, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর সার্বিক ব্যবস্থার উন্নয়ন ও স্বচ্ছতা আনয়নের কাজ চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে তিনটি প্রতিষ্ঠানের কাজ শতভাগ অর্জিত হবে বলে অতিরিক্ত পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর সভায় দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন। এক্ষেত্রে তিনি এ কার্যালয়ের উপপরিচালক ও সহকারী পরিচালক এর সার্বিক সহযোগিতা কামনা করেন। | নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত তিনটি প্রতিষ্ঠানের সার্বিক ব্যবস্থার উন্নয়ন ও স্বচ্ছতা আনয়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য অতিরিক্ত পরিচালক-কে অনুরোধ জানানো হয়। | অতিরিক্ত পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর |

পরিশেষে পরবর্তী ২য় ত্রৈমাসিক সভা আগামী ডিসেম্বর ২০২২ খ্রিঃ মাসে আয়োজনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি অদ্যকার ত্রৈমাসিক সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১০/২০২২

মোঃ মোশাররফ হোসেন
অতিরিক্ত পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।

২৩/১০/২০২২

(মোঃ আব্দুল মোতালেব সরকার)
পরিচালক (উপসচিব)
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর
ফোন নং- ০২৫৮৮৮০৯১২৮
dir.rangpurdiv@dss.gov.bd

স্মারক নম্বর- ৪১.২৭.৮৫০০.০০০.০৬.০২০.১৯. ৪৭৩ তারিখঃ ০৭ কার্তিক ১৪২৯ বঙ্গা. / ২৩ অক্টোবর ২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো-

০১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪. পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০৫. উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০৬. উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
০৭. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রংপুর/দিনাজপুর/গাইবান্ধা/লালমনিরহাট/কুড়িগ্রাম/নীলফামারী/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৮. সহকারী পরিচালক. বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
০৯. প্রশাসনিক যুক্ত জুনিয়র হিসাবরক্ষণ কর্মকর্তা, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
১০. অফিস কপি।

26/10/2022

(মোঃ মোশাররফ হোসেন)
অতিরিক্ত পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর
ফোন নং- ০২৫৮৮৮০৯১২৮
dd.rangpurdiv@dss.gov.bd

২৩/১০/22